গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১০৮৮

তারিখ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঃ
২৩ মে ২০২৪ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের নিকট হতে রাজশাহী কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। **ভর্তির ১ম পর্যায়ে আবেদনের তারিখ: ২৬/০৫/২০২৪ থেকে ১১/০৬/২০২৪ পর্যন্ত।**

২। বিজ্ঞান গ্রুপ:

| ভার্সন (১) | আসন সংখ্যা (২) | আবেদনের ন্যুনতম প্রাক-যোগ্যতা (৩) | শর্ত (৪) | মন্তব্য (৫) |
|---|---|---|---|---|
| বাংলা | ২৭০ | ন্যূনতম GPA-5.00 | বিজ্ঞান গ্রুপের মোট ২৭০ আসন সংখ্যার বিপরীতে বিভিন্ন কোটায় আবেদনের ক্ষেত্রেও ন্যূনতম প্রাক-যোগ্যতা হতে হবে GPA-5.00 | |

মানবিক গ্রুপ:

| ভার্সন (১) | আসন সংখ্যা (২) | আবেদনের ন্যূনতম প্রাক-যোগ্যতা (৩) | শর্ত (৪) | মন্তব্য (৫) |
|---|---|---|---|---|
| বাংলা | ১০০ | মানবিক থেকে মানবিক GPA-4.50<br>বিজ্ঞান থেকে মানবিক GPA-4.50<br>ব্যবসায় শিক্ষা থেকে মানবিক GPA-4.50 | মানবিক গ্রুপের মোট ১০০ আসন সংখ্যার বিপরীতে বিভিন্ন কোটায় আবেদনের ক্ষেত্রেও কলাম (৩) এ বর্ণিত ন্যূনতম প্রাক-যোগ্যতা থাকতে হবে। | |

ব্যবসায় শিক্ষা গ্রুপ:

| ভার্সন (১) | আসন সংখ্যা (২) | আবেদনের ন্যূনতম প্রাক-যোগ্যতা (৩) | শর্ত (৪) | মন্তব্য (৫) |
|---|---|---|---|---|
| বাংলা | ১০০ | ব্যবসায় শিক্ষা থেকে ব্যবসায় শিক্ষা GPA-4.50<br>বিজ্ঞান থেকে ব্যবসায় শিক্ষা GPA-4.50<br>মানবিক থেকে ব্যবসায় শিক্ষা GPA-4.50 | ব্যবসায় শিক্ষা গ্রুপের মোট ১০০ আসন সংখ্যার বিপরীতে বিভিন্ন কোটায় আবেদনের ক্ষেত্রেও কলাম (৩) এ বর্ণিত ন্যূনতম প্রাক-যোগ্যতা থাকতে হবে। | |

৩। কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় (তফসিল-ঘ অনুযায়ী) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% কোটা মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তারা তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে মহানগর জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে বিভাগ/জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। বিভাগ/মহানগর মোট আসনের আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী

ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপর্যুক্ত প্রমাণপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যুনতম জি পি এ এক্ষত্রে শিথিলযোগ্য হবে) ভর্তির ব্যবস্থা নিবে।

৪। অনলাইনে ভর্তি:
ক) শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd
খ) শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

**আবেদন ফি অনলাইন পোর্টালের মাধ্যমে প্রদান করতে হবে। অনলাইন আবেদন পোর্টালে অন্তর্ভুক্ত পেমেন্ট গেইটওয়ে (সোনালী সেবা এবং SSLCOMMERZ) এর মাধ্যমে বিভিন্ন ব্যাংক, কার্ড, মোবাইল ব্যাংকিং (যেমন বিকাশ, নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে আবেদন ফি জমা দেওয়া যাবে।**

**৫। ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ**

| ধাপসমূহ | অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| ২.১ অনলাই আবেদন পোর্টালে Account তৈরি | Account তৈরি প্রক্রিয়া নিম্ন বর্ণনা করা হলো:<br>ক) অনলাইন আবেদন পোর্টাল (www.xiclassadmission.gov.bd) এর সাইন আপ link-এ ক্লিক করলে EDU আইডি এর জন্য আবেদনের প্রক্রিয়া শুরু হবে।<br><br>খ) প্রথমে শিক্ষার্থীর ধরন নির্বাচন করতে হবে। পরবর্তীতে বোর্ডের নাম, পাশের সাল, রেজিস্ট্রেশন নম্বর এবং রোল নম্বর প্রদান করে জমা (Submit) দিলে শিক্ষার্থীর বিস্তারিত তথ্য দেখাবে।<br><br>গ) মোবাইল নম্বর এবং জন্ম নিবন্ধন নম্বর (ঐচ্ছিক) প্রদান করে জমা (Submit) দিলে EDU আইডি তৈরি হবে এবং একটি অস্থায়ী পাসওয়ার্ড প্রদত্ত মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।<br><br>ঘ) EDU আইডি (ইউজার নেম হিসাবে) এবং মোবাইলে প্রাপ্ত অস্থায়ী পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন পোর্টালে প্রথমবার লগইন করা যাবে।<br><br>ঙ) প্রথমবার লগইন করার পর শিক্ষার্থীকে নিজের পছন্দ মত পাসওয়ার্ড সেট করতে হবে। |
| ২.২ আবেদন দাখিল করা | ক) লগইন করে Student Dashboard এ যেতে হবে। এবার Dashboard এর সাইডবারের আবেদন মেনু থেকে "আবেদন ফি জমা দিন"- এ ক্লিক করলে পেমেন্ট গেইটওয়ে গুলো (সোনালী সেবা এবং SSLCOMMERZ) দেখা যাবে।<br><br>খ) যেকোন একটি পেমেন্ট গেইটওয়ের মাধ্যমে ব্যাংক, কার্ড অথবা মোবাইল ব্যাংকিং ( যেমন বিকাশ, নগদ, রকেট ইত্যাদি) ব্যবহার করে আবেদন ফি জমা দেওয়া যাবে।<br><br>গ) আবেদন ফি প্রদানের পরা সাইডবার থেকে "আবেদন করুন"-এ ক্লিক করলে আবেদন জমা দেয়ার Window দেখা যাবে। এই Window থেকে পছন্দমত কলেজ বাছাই করে আবেদন জমা দিতে হবে। লক্ষ্যনীয় যে, শুধু ওই সমস্ত শিফট/ভার্সন/গ্রুপ সমূহই শিক্ষার্থী তার আবেদনে সময় দেখতে পাবে যেগুলি বাছাই করার ন্যূনতম যোগ্যতা তার রয়েছে।<br><br>ঘ) আবেদন করার পর সাইডবার থেকে "আবেদন দেখুন"-এ ক্লিক করলে আবেদনকৃত কলেজ সমূহ ও পছন্দক্রম দেখা যাবে।<br><br>ঙ) আবেদনকারী চাইলে তার আবেদনসমূহ সংশ্লিষ্ট তথ্যাদিসহ Download করে প্রিন্ট (Print) করতে পারবে। |

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

| ক্র:নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির অনলাইন আবেদন গ্রহণ (যারা পুন:নিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)। অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য। | ২৬/০৫/২০২৪ (রবিবার) থেকে ১১/০৬/২০২৪ (মঙ্গলবার) |
| ৬.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ৬.৩ | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ৬.৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| **১৪/০৬/২০২৪ তারিখ থেকে ১৮/০৬/২০২৪ তারিখ পর্যন্ত ঈদ-উল-আজহা উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।** | | |
| ৬.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৩/০৬/২০২৪ (রবিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৬ | শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে।) | ফল প্রকাশের পর থেকে ২৯/০৬/২০২৪ (শনিবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ৩০/০৬/২০২৪ (রবিবার) থেকে ০২/০৭/২০২৪ (মঙ্গলবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৬.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে।) | ০৫/০৭/২০২৪ (শুক্রবার) থেকে ০৮/০৭/২০২৪ (সোমবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৬.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৯/০৭/২০২৪ (মঙ্গলবার) থেকে ১০/০৭/২০২৪ (বুধবার) |
| ৬.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে।) | ১৩/০৭/২০২৪ (শনিবার) থেকে ১৪/০৭/২০২৪ (রবিবার) |
| ৬.১৫ | ভর্তি | ১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ (বৃহস্পতিবার) |
| ৬.১৬ | ক্লাস শুরু | ৩০ জুলাই, ২০২৪ (মঙ্গলবার) |

৮। রাজশাহী কলেজ, রাজশাহী এর **EIIN :126490**

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।